

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

## অফিসাদেশ

খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক অত্র বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের মানব বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক বৃত্তি (Fecal Sludge Management Scholarship) প্রদানের জন্য তাদের গত ১/১২/২০১৫ইং তারিখের পূ: বি:/২০১৫-১৬/১১০৩নং স্মারক মোতাবেক অত্র বিশ্ববিদ্যালয়ের ৫ জন শিক্ষকের সমন্বয়ে আভ্যন্তরীণ প্রাথমিক বৃত্তি বাছাই কমিটি (Scrutiny Committee) গঠন করা হয় এবং বৃত্তি প্রদানের জন্য আবেদনপত্র আহবান করা হয়। উক্ত কমিটি কর্তৃক আবেদনপত্র সমূহ Scrutiny করতঃ সুপারিশসহ একটি রিপোর্ট খুলনা সিটি কর্পোরেশনের KCC FSM Scholarship সংক্রান্ত ফোকাল পারসন এর নিকট প্রেরণ করা হয়। অতঃপর গত ০৩/০৪/১৬ইং তারিখে এ সংক্রান্ত কেসিসি এর বাছাই কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে খুলনা সিটি কর্পোরেশনের এ সংক্রান্ত ফোকাল পারসন স্বাক্ষরিত গত ০৬/০৪/১৫ইং তারিখের পূ:বি:/২০১৫-১৬/১৭২৭নং স্মারক মোতাবেক অত্র বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের স্নাতকোত্তর পর্যায়ে (এম.এস-সি ইঞ্জিঃ) অধ্যয়নরত নিম্নোক্ত নিয়মিত ছাত্র/ছাত্রীদেরকে KCC FSM Scholarship প্রদান করা হয়েছে। এক্ষণে নিম্নে উল্লেখিত ছাত্র/ছাত্রীগণ নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে সর্বোচ্চ ১৮ (আঠারো) মাসের জন্য এ বৃত্তি প্রাপ্য হবেন। তাদের নামের পার্শ্বে বর্ণিত অধ্যাপকগণ প্রাথমিকভাবে তাদের সুপারভাইজার হিসেবে কাজ করবেন।

ক্রমিক নং	ছাত্র/ছাত্রীদের নাম, রোল নং ও বিভাগ	বৃত্তির পরিমাণ	বৃত্তি প্রদানের তারিখ	প্রস্তাবিত সুপারভাইজরের নাম, পদবী ও বিভাগ
১।	নোমান আল হাফিজ রোল নং- ১৬০১৫১৫, পুরকৌশল বিভাগ	২০,০০০/- প্রতি মাসে	মে' ২০১৬ হতে	প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর পুরকৌশল বিভাগ
২।	ফাতিমা নাজনিন রোল নং- ১৫০১৫৬৫, পুরকৌশল বিভাগ	২০,০০০/- প্রতি মাসে	মে' ২০১৬ হতে	প্রফেসর ড. খন্দকার মাহবুব হাসান পুরকৌশল বিভাগ
৩।	মোহাম্মদ আলামিন রোল নং- ১৫০১৫৬৯, পুরকৌশল বিভাগ	২০,০০০/- প্রতি মাসে	মে' ২০১৬ হতে	প্রফেসর ড. কাজী হামিদুল বারী পুরকৌশল বিভাগ
৪।	সেবক মন্ডল রোল নং- ১৬০১৫০৩, পুরকৌশল বিভাগ	২০,০০০/- প্রতি মাসে	মে' ২০১৬ হতে	প্রফেসর ড. এস. এম. মনিরুজ্জামান পুরকৌশল বিভাগ

এ বৃত্তি ও গবেষণা সংক্রান্ত নিয়ম কানুন, সুযোগ, সুবিধা, আর্থিক অনুদান ইত্যাদি KCC FSM Scholarship Programme - এ বর্ণিত নীতিমালা অনুযায়ী পরিচালিত হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।

*Momen* ০২/৪/১৬  
(মোঃ আশুর্ রউফ)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

নং-খুপ্রবি/সংস্থাপন/২২৬৪/১২

তারিখ : ১২/০৪/২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। ডীন, পুরকৌশল অনুসদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। বিভাগীয় প্রধান, পুরকৌশল বিভাগ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সংশ্লিষ্ট সুপারভাইজরগণ, পুরকৌশল বিভাগ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। ফোকাল পারসন, মানব বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক প্রকল্প ও চীফ প্লানিং অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
- ৬। কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীবৃন্দ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সংরক্ষণ নথি।

*জি.এম. শহিদুল আলম*  
০২/৪/১৬  
(জি.এম. শহিদুল আলম)  
ডেপুটি রেজিস্ট্রার